



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)



স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.০৬.০০৭.১৮-৬৭ (৩৩২)

তারিখ: ২২ আশ্বিন, ১৪২৭  
৭ অক্টোবর, ২০২০

**বিষয় :** ঝুঁকিপূর্ণ বিদ্যালয়ভবন, অন্যান্য স্থাপনা, আসবাবপত্র ও বৈদ্যুতিক সংযোগসহ ঝুঁকিচিহ্নিতকরণ, শিক্ষার্থীদের নিরাপত্তা বিষয়ে সচেতন থাকা এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে করোনাকালীন শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিত না করা।

লক্ষ্মীপুর জেলাধীন রায়পুর উপজেলার চরবংশী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পতাকা দন্ড মাথায় পড়ে বিদ্যালয়ের ৪র্থ গ্রেণির ছাত্রী ডালিয়া আক্তার ০৩.১০.২০২০ তারিখ মৃত্যুবরণ করে। ঘটনাটি মর্মান্তিক ও দুঃখজনক। প্রাথমিক শিক্ষা পরিবার গভীরভাবে শোকাহত এবং শিক্ষার্থীর পরিবারের প্রতি সমঝাধী।

২। এ ধরনের অবহেলা বিদ্যালয়ের শিক্ষার্থী এবং তাদের অভিভাবকদের মাঝে বিদ্যালয়ে গমনের প্রতি নেতিবাচক প্রতিক্রিয়া তৈরি করবে ফলে ভবিষ্যৎ প্রজন্ম ও দেশের উন্নয়ন বাধাগ্রস্ত হবে। এহেন পরিস্থিতিতে ঘটনার পুনরাবৃত্তি রোধে ঝুঁকি বিষয়ে অধিকতর সচেতন হওয়া ও সর্তকতামূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

৩। কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে দীর্ঘদিন বন্ধ থাকায় বিদ্যালয় ভবন, স্থাপনা, সীমানা প্রাচীর, টয়লেট, ফ্যান, টিউবওয়েল, পতাকা দন্ড ও বৈদ্যুতিক সংযোগ ইত্যাদি ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিপূর্ণ হয়ে থাকতে পারে। এ সকল ঝুঁকিপূর্ণ ভবন ও স্থাপনাদি নিয়মিত পরিদর্শনের মাধ্যমে চিহ্নিতকরণপূর্বক মেরামত ও সংস্কারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

৪। করোনাকালীন উর্ধ্বতন কর্তৃপক্ষের সুস্পষ্ট নির্দেশনা ব্যতিরেকে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিত করা যাবেনা।

৫। এমতাবস্থায় নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা/থানা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৬। নির্দেশনা সমূহের ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্টদের দায় দায়িত্ব বহন করতে হবে।

মো: মিজানুর রহমান  
পরিচালক (প্রশাসন)

ফোন : ০২-৫৫০৭৪৮২৯

ই-মেইল: [diradmindpe@gmail.com](mailto:diradmindpe@gmail.com)

বিভাগীয় উপপরিচালক (সকল)।  
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।  
সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.০৬.০০৭.১৮-৬৭ (৩৩৩)

তারিখ: ২২ আশ্বিন, ১৪২৭  
৭ অক্টোবর, ২০২০

অনুলিপি: সদয় অবগতির জন্য

১. সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩. অতিরিক্ত সচিব, (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
৪. অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৫. অতিরিক্ত মহাপরিচালক, পিইডিপি -৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৬. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৭. উপপরিচালক, (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৮. সহকারী পরিচালক, (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৯. গবেষণা কর্মকর্তা/ শিক্ষা অফিসার (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
১০. অফিস কপি।

মো: আতাউর রহমান  
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)